ঝিনাইদহে স্বাস্থ্য সহকারীদের বেতন বৈষম্য নিরসনের দাবিতে কর্মবিরতি চলছে

ঝিনাইদহে বেতন বৈষম্য নিরসনের দাবিতে কর্মবিরতি পালন করেছে স্বাস্থ্য সহকারীরা। শনিবার সকাল থেকে শহরের পুরাতন হাসপাতালসহ জেলার বিভিন্ন উপজেলায় এ কর্মবিরতি পালন করছেন তারা। গত ২৬ নভেম্বর থেকে শুরু হওয়া এ কর্মসূচী চলছে প্রতিদিন সকাল ৯ টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত। কর্মবিরতি দিয়ে তারা অফিস প্রাঙ্গনে বিক্ষোভ ও সমাবেশ করছেন। এসময় তারা, স্বাস্থ্যমন্ত্রীর লিখিত প্রতিশ্রুতি মোতাবেক স্বাস্থ্য পরিদর্শকদের ১১তম, সহকারী স্বাস্থ্য পরিদর্শকদের ১২ তম এবং স্বাস্থ্য সহকারীদের ১৩ তম গ্রেডসহ বেতন বৈষম্য নিরসনের দাবি জানান।

ঝিনাইদহে কমিউনিটি ক্লিনিক পরিচালনায় প্রশিক্ষণ কর্মশালার সমাপনী

ঝিনাইদহে কমিউনিটি ক্লিনিক পরিচালনায় স্থানীয় সরকারের প্রতিনিধি ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্যদের ২ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালার সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

শনিবার দুপুরে সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ে এ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: শামীম কবির এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা: সেলিনা বেগম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা স্বাস্থ্যসেবা কমিটির সদস্য জীবন কুমার বিশ্বাস, সদর

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের মেডিকেল অফিসার ডা: শাহিনুর রহমান, পরিবার পরিকল্পনা কর্মকর্তা ওলিয়ার রহমান প্রমূখ। অনুষ্ঠান পরিচালনা করেন সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের মেডিকেল অফিসার ডা: আশিকা আশরাফি আইভি।

আয়োজকরা জানান, জাইকার অর্থায়নে স্বাস্থ্য অধিদপ্তরের কমিউনিটি বেইজড হেলথ কেয়ার এর আয়োজনে ২ দিন ব্যাপী এই কর্মশালায় সদর উপজেলার পোড়াহাটি, পাগলা কানাই ও মহারাজপুর ইউনিয়নের চেয়ারম্যান ও ইউপি সদস্যরা অংশ নেন।

মনিরুজ্জামান রাসেল,
ঝিনাইদহ।
মোবাঃ ০১৭১২৯৯৯৭৩৪

গাংনীতে দিনব্যাপী পাটবীজ চাষী প্রশিক্ষণ

মেহেরপুরের গাংনীতে দিনব্যাপী পাটবীজ চাষী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উপজেলা প্রশাসন ও পাট অধিদপ্তরের আয়োজনে জেলা পাট কর্মকর্তা কে এম আব্দুল বাকীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সহকারী কমিশনার (ভূমি) নুর ই আলম সিদ্দিকী। বিশেষ অতিথি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক স্বপন কুমার খাঁ। প্রশিক্ষক ছিলেন গাংনী উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রাসেল রানা। উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্পের আওতায় এ প্রশিক্ষণে উপজেলার পৌরসভাসহ ৯ টি ইউনিয়নের ১০০ জন চাষী অংশ নেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে ৫২ বোতল ফেন্সিডিলসহ মোঃ লালন হোসেন(২৭) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

এস আই মোঃ হাবিবুর রহমান এর নেতৃত্বে গাংনী থানার কল্যানপুর ছাতিয়ানতলা এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটককৃত হাবিবুর রহমান কাজিপুর বর্ডারপাড়ার মো: খবির উদ্দিনের ছেলে।

এস আই মোঃ হাবিবুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে ডিবির একটি চৌকশ দল লালন হোসেনকে মাদক সহ আটক করেছে।

এসময় তার কাছে থেকে ৫২ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার করা হয়েছে। এ বিষয়ে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

আলমডাঙ্গায় মেয়র প্রার্থীর নির্বাচনী সভা

আসন্ন আলমডাঙ্গা পৌরসভা নির্বাচনে মেয়র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা এম সবেদ আলী কলেজপাড়া-মাদ্রাসাপাড়ার ভোটারদের সাথে নির্বাচনী মতবিনিময় সভা করেছেন।

গতকাল শুক্রবার রাত ৮ টায় পাড়ার ফাইভ স্টার মাঠে এ সভা অনুষ্ঠিত হয়। এতে দুই পাড়ার বিপুল সংখ্যক ভোটার উপস্থিত ছিলেন।
মেয়র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা এম সবেদ আলী বলেন, তিনি ৯৩ সাল থেকে ৯৯ সাল পর্যন্ত মেয়র হিসেবে দায়িত্ব পালন করেছেন।

পৌরসভায় যেসব রাস্তাঘাট রয়েছে তার সবগুলোই তার সময়ে করা। ২১ বছর দায়িত্বে আসা দুই মেয়র নতুন করে আর কিছুই করেননি। তার সময়ে বছরে পৌরসভায় আয় হত ৩০ লক্ষ টাকা। এখন আয় হয় ১০ কোটি টাকা। তারপরও পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের ১৪ মাস ধরে বেতন দিতে পারেননা মেয়ররা।

এত টাকা যায় কোথায় প্রশ্ন রেখে তিনি বলেন, তার সময়ে অল্প টাকায় তিনি শহরের সব রাস্তা করেছেন। গুরুত্বপূর্ন বাইপাস সড়ক, জিকে ক্যানেলে অনেকগুলো স্নানঘাট, টার্মিনাল এলাকায় পৌরভবনের জন্য জমি ক্রয় সবই তিনি করেছেন। এখন হয় লুটপাট। যে যখনই ক্ষমতায় এসেছেন তিনিই পৌরসভাকে উজাড় করে লুটপাট করেছেন।

তিনি ভোটারদের উদ্দেশ্যে বলেন, আপনারা সচেতন হোন, লুটেরাদের ক্ষমতায় যেতে ভোট দিবেননা। একজন কাজ পাগল মানুষকে আপনারা ভোট দিবেন।

কোটচাঁদপুরে মাস্ক ব্যবহার না করায় জরিমানা

ঝিনাইদহের কোটচাঁদপুরে করোনা প্রতিরোধে মাস্ক ব্যবহার না করায় জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল শুক্রবার সন্ধ্যায় উপজেলার তালশার বাজার ও পৌর শহরের মেইন বাসস্ট্যান্ডে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই জরিমানা আদায় করেন।

অভিযানে স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরুত্ব বজায় ও মাস্ক ব্যবহার না করার দায়ে বিভিন্ন দোকানে ১ হাজার ১’শ টাকা জরিমানা আদায় করা হয়েছে।

নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপন জানান, করোনার দ্বিতীয় ঢেউ প্রতিরোধে সামাজিক দূরুত্ব বজায় ও স্বাস্থ্যবিধি মেনে মাস্ক ব্যবহারের ওপর ব্যাপক জনসচেতনতা ও প্রচার চালানো হচ্ছে। মাস্ক ব্যবহার নিশ্চিত করতে এই অভিযান অব্যাহত থাকবে।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারি প্রোগ্রামার জিয়াউর রহমান, অফিস সহকারি সুব্রত বিশ্বাস, মডেল থানার এসআই তৌফিক আনাম, সাংবাদিক মঈন উদ্দীন খানসহ থানা পুলিশের একটি টিম।

কাজিপুর সীমান্তে মদ ও গরু মোটাতাজাকরণ ঔষধ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর সীমান্ত ফাঁড়ির বিজিবি সদস্যরা মদ ও গরু মোটাতাজাকরণ ঔষধ উদ্ধার করেছে।

শুক্রবার ভোরের দিকে গাংনী উপজেলার কাজিপুর বিজিবি সদস্যরা কাজিপুর মাঠ থেকে ১০ বোতল মদ ও ১ হাজাট পিচ গরু মোটাতাজাকরণ ঔষধ উদ্ধার করে।

এদিন কাজীপুর সীমান্ত ফাঁড়ির বিজিবির হাবিলদার আব্দুল মান্নানের নেতৃত্বে বিজিবির একটি টহল দল টহল শেষে ফেরার পথে মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় ১০ বোতল মদ ও ১ হাজার পিচ গরু মোটাতাজাকরণ ঔষধ উদ্ধার করে উদ্ধার করে।